

মাছচাষে অবশ্য করণীয়



পুকুরে মাছের পোনা মজুদের আগে কী করবেন

- পুকুর শুকিয়ে অথবা রোটেনন প্রয়োগ করে রাস্কুসে মাছ দূর করুন;
- পুকুরের তলদেশে ৬ ইঞ্চির বেশি পুরু কাদা থাকলে তুলে ফেলুন;
- পুকুরের পাড়ে নালা বা গর্ত থাকলে মেরামত করুন ও তলদেশ সমান করুন;
- প্রতি শতাংশে ১-১.৫ কেজি হারে পাথুরে চুন প্রয়োগ করুন;
- চুন প্রয়োগের ৫-৭ দিন পরে প্রতি শতাংশে ১০০-১৫০ গ্রাম হারে ইউরিয়া ও টিএসপি সার গুলিয়ে প্রয়োগ করুন।



পুকুরে পোনা মজুদের সময় যা করবেন



- পানির বিভিন্ন স্তরে বসবাসকারী কার্প জাতীয় মাছের গুণগত মানসম্পন্ন বড় আকারের (৬ ইঞ্চির অধিক) পোনা নির্বাচন করুন;
- অধিক ঘনত্বে পোনা মজুদ না করে প্রতি শতাংশে ২৫-৪০টি হারে কার্প জাতীয় মাছের পোনা মজুদ করুন;
- কার্প জাতীয় মাছের সাথে প্রতি শতাংশে ১০০-২০০ গ্রাম হারে মলা ও দেশীয় প্রজাতির অন্যান্য ছোটোমাছ মজুদ করুন;
- মজুদের পূর্বে পোনা শোধন করে ও নতুন পরিবেশে অভ্যস্ত করে পুকুরে ছাড়ুন।



মাছ মজুদের পরে যা করবেন

- পুকুরে প্রাকৃতিক খাবার নিশ্চিত করতে প্রতি সপ্তাহে প্রতি শতাংশে ৫০-৭৫ গ্রাম ইউরিয়া এবং ৯০-১২৫ গ্রাম টিএসপি সার প্রয়োগ করুন;
- মাছ রোগাক্রান্ত বা সঠিকভাবে বাড়ছে কিনা প্রতিমাসে জাল টেনে পরীক্ষা করুন;
- মাছের আকার ও মোট ওজন অনুযায়ী ৫-১% হারে সম্পূরক খাদ্য প্রদান করুন;
- পুকুরের পরিবেশ ভালো রাখার জন্য নিয়মিত প্রতি শতাংশে ১০০-১৫০ গ্রাম চুন ও লবণ প্রয়োগ করুন;
- পারিবারিক পুষ্টি চাহিদা পূরণের জন্য মাঝে মাঝে পুকুর থেকে মলা ও অন্যান্য ছোটো মাছ ধরে খান;
- মাছ ধরার পর পরিষ্কার পানি দিয়ে ধুঁয়ে ছায়ায় স্থানে রাখুন এবং বরফ দিয়ে সংরক্ষণ ও পরিবহণ করুন;
- মাছের রোগের প্রতিষেধক হিসেবে ঔষধ বা যে কোনো রাসায়নিক ব্যবহারের আগে বিশেষজ্ঞের পরামর্শ নিন।

